



বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ
প্রকল্প পরিচালকের কার্যালয়
'জেলা পর্যায়ে আইটি/হাই-টেক পার্ক স্থাপন (১২ টি জেলায়)' প্রকল্প
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
www.bhtpa.gov.bd

স্মারক নম্বরঃ ৫৬.০২.০০০০.০২৪.১১.০৪১.১৯(অংশ-১)-৪১০

তারিখঃ ২৩ ফাল্গুন, ১৪২৭ বঙ্গাব্দ
০৮ মার্চ, ২০২১ খ্রিস্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়নাধীন 'জেলা পর্যায়ে আইটি/হাই-টেক পার্ক স্থাপন (১২ টি জেলায়)' শীর্ষক প্রকল্পের মেয়াদকালীন সময়ের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

ক্রঃ	পদের নাম ও বেতন স্কেল	পদ সংখ্যা	যোগ্যতা	যে সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন
১	২	৩	৪	৫
১	উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) বেতন স্কেল: ১৬০০০-৩৮৬৪০/- (গ্রেড-১০)	৬ (ছয়) টি	ক) সরকারী পলিটেকনিক ইনস্টিটিউট অথবা সরকার কর্তৃক অনুমোদিত যে কোন প্রতিষ্ঠান হতে ৪ বছর মেয়াদী ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং (সিভিল) পরীক্ষায় কমপক্ষে সিজিপিএ ৩.০০ পেয়ে উত্তীর্ণ ; খ) আইসিটি জ্ঞানসম্পন্ন এবং কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে।	সকল জেলা
২	উপ-সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল) বেতন স্কেল: ১৬০০০-৩৮৬৪০/- (গ্রেড-১০)	৬ (ছয়) টি	ক) সরকারী পলিটেকনিক ইনস্টিটিউট অথবা সরকার কর্তৃক অনুমোদিত যে কোন প্রতিষ্ঠান হতে ৪ বছর মেয়াদী ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং (ইলেকট্রিক্যাল) পরীক্ষায় কমপক্ষে সিজিপিএ ৩.০০ পেয়ে উত্তীর্ণ ; খ) আইসিটি জ্ঞানসম্পন্ন এবং কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে।	
৩	সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা বেতন স্কেল: ১৬০০০-৩৮৬৪০/- (গ্রেড-১০)	১ (এক) টি	ক) যেকোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ২য় শ্রেণীতে বাণিজ্য বিভাগে স্নাতকোত্তর; খ) কম্পিউটার পরিচালনায় দক্ষ ও এমএস অফিস বিষয়ে জ্ঞানসম্পন্ন হতে হবে।	
৪	গাড়ী চালক বেতন স্কেল: ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬)	৪ (চার) টি	ক) ন্যূনতম অষ্টম শ্রেণী উত্তীর্ণ ; খ) কমপক্ষে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। গ) ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে।	

আবেদনের নিয়মাবলী ও নিয়োগ সংক্রান্ত শর্তাবলীঃ

১। আগ্রহী সকল প্রার্থীকে অনলাইনে <https://erecruitment.bcc.gov.bd> ওয়েবসাইটের মাধ্যমে আগামী ১১/০৩/২০২১ খ্রি: তারিখ হতে ০১/০৪/২০২১ খ্রি: তারিখ রাত ১১:৫৯ মিঃ এর মধ্যে আবেদন করতে হবে। নির্ধারিত সময়ের পরে কোন আবেদন গ্রহণ করা হবে না এবং অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন সফটওয়্যার কর্তৃক গৃহীত হবে না। অনলাইন ব্যতীত অন্য কোন মাধ্যমে আবেদন গ্রহণ করা হবে না;

২। ০১ এপ্রিল, ২০২১ খ্রি: তারিখে প্রার্থীর বয়স অনূর্ধ্ব ৩৫ (পঁয়ত্রিশ) বছর হতে হবে। তবে গাড়ীচালক পদের অভিজ্ঞ প্রার্থীদের বয়স অনূর্ধ্ব ৪০ (চল্লিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। এসএসসি সনদের ভিত্তিতে বয়স নির্ধারণ করা হবে। বয়স প্রমাণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য হবে না;

৩। অনলাইনে আবেদনের জন্য <https://erecruitment.bcc.gov.bd> ওয়েব সাইটে প্রবেশ করে প্রথমে নিবন্ধন করতে হবে। নিবন্ধনের জন্য ই-মেইল ও মোবাইল নম্বর আবশ্যিক। নিবন্ধন সম্পন্ন হওয়ার পর নিবন্ধনকারীর ই-মেইলে erecruitment কর্তৃক ভেরিফিকেশন লিংক এবং পাসওয়ার্ড প্রেরণ করা হবে। ই-মেইল এবং পাসওয়ার্ড দিয়ে লগইন করে আবেদনের প্রয়োজনীয় খাপসমূহ সম্পন্ন করতে হবে (প্রয়োজনে সংশ্লিষ্ট ওয়েব সাইট হতে নিবন্ধন ও আবেদন গাইডলাইন অনুসরণ করতে হবে);

- ৪। Online-এ আবেদনের নির্ধারিত স্থানে প্রার্থীর রঞ্জন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০ pixel) নির্ধারিত স্থানে Upload করতে হবে। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB;
- ৫। আবেদনকারীগণকে পরীক্ষার ফি বাবদ ১১২/- (একশত বারো) টাকা ডাক বিভাগের নগদ, DBBL Mobile Banking (Rocket) অথবা bKash- এর মাধ্যমে (বিস্তারিত অনলাইন ফর্মে পাওয়া যাবে) জমা করতে হবে;
- ৬। নিয়োগের ক্ষেত্রে সরকারী বিধি-বিধান এবং মুক্তিযোদ্ধাসহ সকল কোটা পদ্ধতি অনুসরণ করে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হবে। কোটাধারী প্রার্থীদের আবেদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট ডকুমেন্ট আপলোড করতে হবে;
- ৭। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে (একই নিয়োগ বিধির আওতায় নিয়োগপ্রাপ্ত বা নিয়োজিত কর্মচারী) যথাযথ কর্তৃপক্ষের অনুমতি গ্রহণপূর্বক অনুমতিপত্রসহ আবেদন করতে হবে। চাকুরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদন ফরম পূরণের সময় Departmental Candidate এর ঘরে টিক চিহ্ন দিতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়;
- ৮। আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে;
- ৯। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভূয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন;
- ১০। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে। বাংলাদেশের নাগরিক নন এমন কারও সাথে বৈবাহিক সূত্রে আবদ্ধ হয়ে থাকলে কিংবা বিবাহের জন্য অঙ্গীকারবদ্ধ হয়ে থাকলে কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্বলনজনিত অভিযোগে দণ্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান হতে বরখাস্ত হয়ে থাকেন এবং উক্তরূপ বরখাস্তের পর দুই বছর অতিক্রান্ত না হয়ে থাকে, তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না;
- ১১। লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে;
- ১২। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে দাখিলকৃত Application Form এর ফটোকপিসহ নিম্নোক্ত পত্রাদির মূলকপি প্রদর্শন করতে হবে এবং প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত অনুলিপি জমা দিতে হবেঃ
- ক) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি রঙিন ছবি'
- খ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান হিসেবে আবেদন পত্রের সাথে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা পিতা/মাতার মুক্তিযোদ্ধার সার্টিফিকেট এর ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি;
- গ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত কপি, অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি ও কম্পিউটারে দক্ষতার সনদের সত্যায়িত কপি জমা দিতে হবে;
- ঘ) উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদ ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত;
- ঙ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনারের নিকট হতে নিজ জেলা উল্লেখসহ নাগরিকত্ব ও চারিত্রিক বৈশিষ্ট্যের সার্টিফিকেট;
- ১৩। পরীক্ষা সংক্রান্ত সকল তথ্য যথাসময়ে মোবাইল নম্বরে এসএমএস এবং বাংলাদেশ হাই-টেক পার্কের ওয়েবসাইট (www.bhtpa.gov.bd) এর মাধ্যমে জানানো হবে;
- ১৪। অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত পরিপত্রের সংযোজনীতে নির্ধারিত সাকুল্য বেতন কাঠামোর বিধি-বিধান প্রযোজ্য হবে;
- ১৫। নিয়োগ বিজ্ঞপ্তি জারীর পরেও উন্নয়ন প্রকল্পের কর্মকর্তা/কর্মচারী নিয়োগ সংক্রান্ত কর্তৃপক্ষের জারীকৃত প্রাসঙ্গিক সকল আদেশ/পরিপত্র/নীতিমালা প্রযোজ্য হবে;
- ১৬। নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা কর্তৃপক্ষের প্রয়োজনীয়তার নিরিখে হ্রাস/বৃদ্ধি হতে পারে;
- ১৭। যেকোন আবেদনপত্র বাতিল ও সংরক্ষণসহ নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;
- ১৮। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনকারীকে কোন প্রকার যাতায়াত ভাতা ও দৈনিক ভাতা প্রদান করা হবে না;
- ১৯। নিয়োগ বিজ্ঞপ্তিটি বাংলাদেশ হাই-টেক পার্কের ওয়েবসাইট (www.bhtpa.gov.bd) থেকেও ডাউনলোড করা যাবে।

০৬/০৩/২০২৩

এ, কে, এ, এম, ফজলুল হক
প্রকল্প পরিচালক

'জেলা পর্যায়ে আইটি/হাই-টেক পার্ক স্থাপন
(১২ টি জেলায়)' প্রকল্প
ফোনঃ ০২-৫৫০০৬৮৬৫